

ঢাকা বিশ্ববিদ্যালয়
আরো ১৮ জনের
ভর্তি বাতিল

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আরো ১৮ জন ভূয়া ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল করা হচ্ছে। এ নিয়ে ৩৪ জনের ভর্তি বাতিল করা হলো। তবে এ প্রক্রিয়ার সাথে জড়িত বিশ্ববিদ্যালয়ের অসাধু চক্রটিকে শনাক্ত করতে পারছেন না বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

গতকাল শনিবার সন্ধ্যায় ভূয়া ভর্তি সংক্রান্ত তদন্ত কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় তদন্ত কমিটি চূড়ান্ত সিদ্ধান্ত নেয়, ১৮ জন ছাত্র-ছাত্রীর কাগজপত্র ভূয়া প্রমাণিত হয়েছে।

গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ সেলিম জানান, ভূয়া ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদেরকে ডাকা হয়েছিল

ভর্তি : পৃঃ ৭ কঃ ৫

ভর্তি : বাতিল

(১ম পৃষ্ঠার পর)

তারা কিভাবে ভর্তি হয়েছে তা জানার জন্য ১৮ জনের মধ্যে মাত্র ৩ জন ছাত্র কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেছে। বাকিরা কেউ আসেনি।

এবার যাদের ভর্তি বাতিল করা হয়েছে তারা হলো : মুহাম্মদ ইকবাল হোসেন (রাষ্ট্রবিজ্ঞান), মোহাম্মদ আনিসুর রহমান (রাষ্ট্রবিজ্ঞান), মোহাম্মদ মোর্শেদ আলম (অর্থনীতি), মোহাম্মদ জিয়া উদ্দিন (অর্থনীতি), শরীফ মোহাম্মদ সাজিদ রহমান (আন্তর্জাতিক সম্পর্ক), মোঃ আবদুস সালাম (রাষ্ট্রবিজ্ঞান), এম এ মাসুদ (রাষ্ট্রবিজ্ঞান), মুহাম্মদ মোস্তফা সারোয়ার (রাষ্ট্রবিজ্ঞান), আহাম্মদ হুসাইন (আন্তর্জাতিক সম্পর্ক), মোঃ তানজীম হাসান (সমাজবিজ্ঞান), ফরিদ আহাম্মদ মজুমদার (সমাজবিজ্ঞান), শামীমা আক্তার (রাষ্ট্রবিজ্ঞান), শায়লা সুমী (রাষ্ট্রবিজ্ঞান), জয়নব আক্তার (রাষ্ট্রবিজ্ঞান), ফারহানা নাজ (অর্থনীতি), আমিনা খায়ের (অর্থনীতি), মালেকা পারভীন (আন্তর্জাতিক